

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর
পরিচালকের কার্যালয়
জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।


স্মারক নং- ২২.০১.০০০০.১১৮.৩৩.০০.২৪.৩৪৭৯

তারিখ: ৩০/১২/২০২৪ খ্রি.

নোটিশ

পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক বন অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভায় রক্ষিত/সংরক্ষিত বনাঞ্চলে একক ব্যবহার্য প্লাস্টিক, দূষণ এবং পিকনিক কার্যক্রম বন্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন। রক্ষিত এলাকা সুষ্ঠু ও বিজ্ঞানভিত্তিক ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ১৪ ধারা প্রতিপালনসহ মাইক, সাউন্ডবক্স, গানবাজনা, একক ব্যবহার্য প্লাস্টিক, পলিথিন ব্যবহার এবং বনভোজনসহ ক্ষতিকর সকল ধরনের কার্যক্রম নিষিদ্ধ করা আবশ্যিক। সেই লক্ষ্যে ৩০/১২/২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল ৪.০০ ঘটিকায় বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকার সভাপতিত্বে জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকায় প্লাস্টিক, পলিথিন ও বর্জ্যমুক্ত পরিবেশ তৈরির লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

উক্ত অভিযানে অত্র উদ্যানের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


৩০/১২/২০২৪
(শওকত ইমরান আরাফাত)
পরিচালক (চ.দা.)

জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।
৩০/১২/২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২. সহকারী বন সংরক্ষক, রেঞ্জ কর্মকর্তা, পশ্চিম রেঞ্জ, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।
৩. বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।
৪. কিউরেটর, বলধা বাগান, ওয়ারী, ঢাকা।
৫. রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ/পূর্ব রেঞ্জ, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকার অধিনস্থ কর্মচারীদেরকে সংশ্লিষ্ট তারিখে উপস্থিত থাকার জন্য বলা হলো।

৭৯